



বাংলাদেশে ভারতীয় নাগরিকদের জন্য পর্যটক ভিসা সীমিত



সংগৃহীত ছবি

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার ভারতের নাগরিকদের জন্য পর্যটক ভিসা প্রদানের নিয়মে পরিবর্তন এনেছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, কলকাতা, মুম্বাই ও চেন্নাইয়ের তিনটি উপদূতাবাস থেকে পর্যটক ভিসা এখন সীমিতভাবে দেওয়া হবে। এর আগে দিল্লি এবং আগরতলার অফিস থেকেও পর্যটক ভিসা ইস্যু বন্ধ ছিল। বর্তমানে শুধুমাত্র আসামের গুয়াহাটিতে অবস্থিত সহকারী হাইকমিশনারের অফিস থেকে ভারতীয় নাগরিকরা পর্যটক ভিসা নিতে পারবেন। বাণিজ্যিক ভিসা, শিক্ষা বা মেডিকেল ভিসাসহ অন্যান্য ধরনের ভিসা আগের মতোই দেওয়া হচ্ছে।

প্রসঙ্গত, গত বছরের গণ-অভ্যুত্থানের সময় ভারতের চারটি ভিসা সেন্টারে ভাঙচুর ও বিক্ষোভ দেখা দিয়েছিল। বিশেষ করে ঢাকার ভিসা সেন্টারের সামনে বড় ধরনের আন্দোলন হয়। এ কারণে ভারত একসময় সব ধরনের ভিসা কার্যক্রম স্থগিত করেছিল। এরপর সেন্টারগুলো পুনরায় খোলা হলেও পর্যটক ভিসা সীমিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিকে, ভারতের পক্ষ থেকে বাংলাদেশের নাগরিকদের জন্য পর্যটক ভিসা বর্তমানে পুরোপুরি বন্ধ রয়েছে।